**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 15-03-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) ভারতের নির্বাচন কমিশন আসাম, কেরালা, পশ্চিমবঙ্গ, তামিলনাড়ু ও কেন্দ্রশাসিত পুদুচেরি বিধানসভা নির্বাচনের দিনক্ষন ঘোষনা করেছে।**

**(২) কয়েকটি রাজ্যের বিধানসভার শূন্য আসনের উপনির্বাচনের নির্ঘন্টও ঘোষণা করা হয়েছে| ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচন আগামী ৯ এপ্রিল অনুষ্ঠিত হবে|**

**(৩) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, মানুষের কাছে সহজ ও উন্নত** চিকিৎসা **পৌঁছে দিতে নতুন প্রকল্প বাস্তবায়ন করছে সরকার।**

**(৪) পাইপ লাইনে গ্যাস (PNG) এবং গৃহস্থালী (LPG)– উভয় সংযোগ যাদের কাছে রয়েছে, তাদের অবিলম্বে LPG প্রত্যাহার করার নির্দেশ দিয়েছে কেন্দ্রীয় পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রক |**

*********************************************************

**Election:**

ভারতের নির্বাচন কমিশন আসাম, কেরালা, পশ্চিমবঙ্গ, তামিলনাড়ু ও কেন্দ্রশাসিত পুদুচেরি বিধানসভা নির্বাচনের দিনক্ষন ঘোষনা করেছে।

আজ দিল্লিতে পাঁচটি রাজ্য ও একটি কেন্দ্রশাসিত অঞ্চলের নির্বাচনের নির্ঘন্ট ঘোষণা করতে গিয়ে মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার জানান, আসাম, কেরালা এবং পুদুচেরিতে ভোটগ্রহণ হবে ৯ই এপ্রিল।

তামিলনাড়ুতে ভোটগ্রহণ হবে ২৩শে এপ্রিল। পশ্চিমবঙ্গে দুই দফায় ভোটগ্রহণ হবে ২৩শে এপ্রিল এবং ২৯শে এপ্রিল।

চারটি রাজ্য এবং একটি কেন্দ্রশাসিত অঞ্চলের ভোট গণনা হবে ৪ঠা মে।

শ্রী কুমার বলেন, নির্বাচনের সময়সূচি ঘোষণার সঙ্গে সঙ্গে ঐসমস্ত রাজ্যে আদর্শ আচরণবিধি কার্যকর হয়েছে।

একইসাথে ত্রিপুরা, গোয়া, গুজরাট, কর্ণাটক, মহারাষ্ট্র ও নাগাল্যান্ড বিধানসভার একটি করে শূন্য আসনের উপনির্বাচনের দিনক্ষণও ঘোষণা করা হয়। ত্রিপুরা বিধানসভার ৫৬ ধর্মনগর আসনের উপনির্বাচন আগামী ৯ই এপ্রিল অনুষ্ঠিত হবে। নির্বাচনের বিজ্ঞপ্তি জারি করা হবে আগামীকাল, ১৬ই মার্চ। ২৩শে মার্চ পর্যন্ত মনোনয়ন পত্র জমা দেয়া যাবে।মনোনয়ন পত্র পরীক্ষা করা হবে ২৪ শে মার্চ। মনোনয়ন প্রত্যাহারের শেষ তারিখ - ২৬ শে মার্চ। ভোট গননা করা হবে ৪ঠা মে।

########Byte Gynesh Kumar########

*****************************

**Election-Dharmanagar:**

ভারতের নির্বাচন কমিশনের নির্ধারিত সময়সূচি অনুসারে ৫৬-ধর্মনগর বিধানসভা নির্বাচন ক্ষেত্রের উপনির্বাচনের পরিপ্রেক্ষিতে ২৮ ফেব্রুয়ারি, ২০২৬ তারিখে ০১.০১.২০২৬ কে ভিত্তিবর্ষ ধরে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হয়েছে। চূড়ান্ত ভোটার তালিকা অনুযায়ী ৫৬-ধর্মনগর বিধানসভা নির্বাচন ক্ষেত্রের মোট ভোটারের সংখ্যা ৪৬,১৪৩ জন। এর মধ্যে পুরুষ ভোটার ২২,৩৮০ এবং মহিলা ভোটার ২৩,৭৬৩ জন। রাজ্য মুখ্য নির্বাচন আধিকারিকের কার্যালয় থেকে এক প্রেস বিজ্ঞপ্তিতে এই সংবাদ জানানো হয়েছে।

*****************************

## CM Basic Life Support Ambulance:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, সাধারণ মানুষের কাছে সহজ ও উন্নত চিকিৎসা পৌঁছে দিতে নতুন পরিকল্পনা ও প্রকল্প বাস্তবায়ন করছে সরকার। আজ আগরতলার শ্যামাপ্রসাদ মুখার্জী লেনের এইচসিএম বাংলো প্রাঙ্গণে ২৪টি লাইফ সাপোর্ট অ্যাম্বুলেন্স পরিষেবার সূচনা করে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, এর ফলে ট্রমার ক্ষেত্রে অনেক রোগীর সমস্যার সমাধান হবে।২৪ টি অ্যাম্বুলেন্স এর মধ্যে ২০টি থাকবে ট্রমা সেন্টারের জন্য এবং বাকী ৪ টি মা এবং শিশুদের পরিষেবা প্রদানের জন্য নিয়োজিত থাকবে।

########Byte CM########

মুখ্যমন্ত্রী বলেন, প্রায় ৫ কোটি ৪ লক্ষ টাকা ব্যয় করে ২৪ টি অত্যাধুনিক লাইফ সাপোর্ট যুক্ত অ্যাম্বুলেন্স ক্রয় করেছে স্বাস্থ্য ও পরিবার কল্যান দপ্তর। অনুষ্ঠানে স্বাস্থ্য দপ্তরের আধিকারিকরা উপস্থিত ছিলেন।

*****************************

## Meeting- CM:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, জনজাতিদের সার্বিক উন্নয়নের জন্য দৃঢ় সংকল্প নিয়ে কাজ করছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। আজ আগরতলার রবীন্দ্রশতবার্ষিকী ভবনে এক সভায় তিনি একথা বলেন। তিনি বলেন, রাজ্যের সামগ্রিক অগ্রগতির মূল চাবিকাঠি হলো জনজাতি গ্রামগুলির আর্থ-সামাজিক অবস্থার উন্নতি। তাদের আর্থিক অবস্থার উন্নতি নিশ্চিত করার জন্য, ২০২৩-২৪ অর্থবর্ষে মুখ্যমন্ত্রী জনজাতি বিকাশ যোজনা চালু করার মাধ্যমে, জনজাতি পরিবারগুলির আয় বৃদ্ধির সুযোগ তৈরি করা হচ্ছে। সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা, শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমা, বিজেপি রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্য প্রমুখ।

****************************

**Minister Kishor Barman:**

২০২০ সালের নুতন শিক্ষানীতির মাধ্যমে ডিগ্রি অর্জনের পর শিক্ষিত বেকার তৈরী না হয়ে শিক্ষিত দক্ষতা সম্পন্ন ব্যক্তি তৈরী হবে। আজ নলছড় ব্লক কমিউনিটি হলে আয়োজিত এক অনুষ্ঠানে একথা বলেন উচ্চশিক্ষা মন্ত্রী কিশোর বর্মন। ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত ২০২৫ সালের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় প্রথম থেকে দশম স্থানাধিকারী তফশিলি জাতিভুক্ত ছাত্র-ছাত্রীদের ডক্টর বি.আর আম্বেদকর স্বর্ণপদক ও স্মৃতি পুরস্কার প্রদান করা হয় এই অনুষ্ঠানে।তাছাড়াও, সোনামুড়া মহকুমার ষষ্ঠ থেকে নবম শ্রেণীর পরীক্ষায় যে সমস্ত পড়ুয়ারা ৬০ শতাংশ বা তার অধিক নম্বর পেয়ে উত্তীর্ণ হয়েছে তাদেরকেও আম্বেদকর স্মৃতি মেধা পুরস্কারে ভূষিত করা হয়| অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত, নলছড় পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন স্বপন কুমার দাস প্রমুখ|

****************************

**Protect Agartala from flood :**

বর্ষায় আগরতলা শহরের জল নিষ্কাশনের জন্য কাঁটাখাল পরিস্কারের কাজ শুরু হয়েছে। কাঁটাখাল এলাকার কাজ পরিদর্শন করে একথা জানান রাজ্য সরকারের পূর্ত ও স্বাস্থ্য দপ্তরের সচিব কিরণ গিত্যে।তিনি জানান, আগরতলা শহরের বৃষ্টির জল নিষ্কাশনের প্রধান দুটি মাধ্যম হল হাওড়া নদী ও কাটাখাল। আগরতলা পুরনিগম, আগরতলা স্মার্ট সিটি লিমিটেড এবং জলসম্পদ দপ্তর যৌথভাবে কাঁটাখাল পরিস্কারের কাজ করছে।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউটিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

*****************************

**Assembly session:**

দু'দিন বিরতির পর আগামীকাল  রাজ্য বিধানসভার অধিবেশন বসছে। আগামীকাল অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় ২০২৬-২৭ অর্থ বর্ষের বাজেট পেশ করবেন।

*****************************

**Petroliam Ministry:**

যেসব পরিবারে পাইপ লাইনে গ্যাস (PNG) এবং গৃহস্থালী (LPG) – উভয় সংযোগ রয়েছে, তাদের অবিলম্বে LPG প্রত্যাহার করার নির্দেশ দিয়েছে কেন্দ্রীয় পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রক|

মন্ত্রকের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, যাদের PNG সংযোগ রয়েছে তারা আর গৃহস্থালি LPG সংযোগ রাখতে পারবেন না অথবা সরকারি তেল সংস্থা কিংবা তাদের অনুমোদিত পরিবেশকদের কাছ থেকে LPG সিলিন্ডারের

রিফিল নিতে পারবেন না। এমন গ্রাহকদের অবিলম্বে তাদের LPG সংযোগ প্রত্যাহার করতে হবে।

এই নির্দেশে আরও বলা হয়েছে যাদের PNG সংযোগ রয়েছে, তারা ভবিষ্যতে নতুন করে LPG সংযোগও নিতে পারবেন না।

****************************

**Minister Bikash Debbarma:**

জনজাতি কল্যানমন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন জনজাতি এলাকায় শিক্ষা, স্বাস্থ্য, পানীয় জল, রাস্তা সহ বিভিন্ন পরিকাঠামো উন্নয়নে কেন্দ্র ও রাজ্য সরকার একাধিক প্রকল্প গ্রহণ করেছে। জনজাতি মানুষের আর্থ-সামাজিক উন্নয়নের জন্য সরকার ধারাবাহিকভাবে কাজ করে চলেছে। আজ তেলিয়ামুড়া মহকুমার হজরাবাড়ি বাজার শেডে বিজেপি কৃষ্ণপুর মণ্ডলের উদ্যোগে আয়োজিত এক সভায় তিনি একথা বলেন।সভায় উপস্থিত ছিলেন কৃষ্ণপুর মণ্ডলের সহ-সভাপতি গোপাল দাস, মণ্ডলের সাধারণ সম্পাদক ওয়াথারাই মলসুম সহ অন্যান্য কর্মী সমর্থকরা।

****************************

**Blood Donation Mayor:**

আগরতলা পুর নিগমের ৯নং ওয়ার্ডের উদ্যোগে খয়েরপুরে আজ এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়। শিবিরের উদ্বোধন করেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক রতন চক্রবর্তী, কর্পোরেটর উত্তম কুমার ঘোষ ও সুখময় সাহা প্রমুখ। শিবিরে ৬৩ জন রক্তদান করেন।

****************************

**DYFI:**

ভারতের গণতান্ত্রিক যুব ফেডারেশনের সদর বিভাগীয় সম্মেলন আজ সুপারিবাগানের দশরথ দেব অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। এই সম্মেলনে উপস্থিত ছিলেন সংগঠনের রাজ্য সভাপতি পলাশ ভৌমিক, সম্পাদক নবারুণ দেব অন্যান্য নেতৃবৃন্দ।

*****************************

**Sammelon:**

ত্রিপুরা সিনিয়র সিটিজেন এন্ড পেন্সনার্স সংঘের রাজ্য সম্মেলন আজ আগরতলার স্টুডেন্টস হেলথ হোমে অনুষ্ঠিত হয়। সম্মেলনের প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন সর্বভারতীয় বরিষ্ঠ নাগরিক পরিসংঘের সাধারণ সম্পাদক  চন্দ্রকান্ত দেশপান্ডে। এছাড়া সম্মেলনে উপস্থিত ছিলেন জিরানিয়া নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন রতন দাস, সংগঠনের রাজ্য সভাপতি রণজিত দে প্রমুখ।

*****************************

**Minister Sudhangshu Das:**

তপশিলী জাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী সুধাংশু দাস বলেছেন, রাজ্যে পরিকাঠামোগত উন্নয়নের পাশাপাশি সাংস্কৃতিক, আধ্যাত্মিক ও ক্রীড়ার বিকাশে কাজ করে চলেছেন রাজ্য সরকার। ক্রীড়ার মাধ্যমেই যুব চেতনার বিকাশ ও ইতিবাচক মানসিকতা গড়ে ওঠে।

আজ ঊনকোটি জেলার ফটিকরায়ের রাজনগর স্কুল মাঠে আয়োজিত "রাজনগর ক্রিকেট টুর্নামেন্ট" এর উদ্বোধন করে তিনি ভাষন দিচ্ছিলেন।

উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ,কুমারঘাট পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন সুমতি দাস প্রমুখ।

এই টুর্ণামেন্টে কুড়িটি ক্রিকেট দল অংশ নিচ্ছে। চ্যাম্পিয়ন দল ট্রফি সহ কুড়ি হাজার টাকা এবং রানার্স দল ট্রফি সহ দশ হাজার টাকা পাবে। তৃতীয় বারের মতো রাজনগর গ্ৰাম পঞ্চায়েত এই টুর্ণামেন্টের আয়োজন করেছে।

*****************************

**Super Division Cricket :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া সুপার ডিভিশন লিগ ক্রিকেট প্রতিযোগিতার আজ তিনটি অনুষ্ঠিত খেলা হয়। নরসিংগড়ের পি টি এ মাঠে অনুষ্ঠিত খেলায় শতদল সংঘ ১৭২ রানে সংহতি ক্লাবকে, টি আই টি মাঠে স্ফুলিঙ্গ ক্লাব ২ উইকেটে হার্ভে ক্লাবকে এবং এম বি বি স্টেডিয়ামে জয়নগর ক্রিকেট ক্লাব ১ উইকেটে ব্লাডমাউথ ক্লাবকে পরাজিত করে।

*****************************

**Weather:**

আগরতলা আবহাওয়া দপ্তর থেকে জানানো হয়েছে আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে ।রাজ্যের ধলাই, উত্তর ও ঊনকোটি জেলার কিছু স্থানে বৃষ্টি সহ ঘন্টায় ৪0 থেকে ৫0 কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে| আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২১ ডিগ্রি সেলসিয়াসের  কাছাকাছি থাকতে পারে।

আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১.১  ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২১.৪ ডিগ্রি সেলসিয়াস।

*****************************

*****************************